# অভিজ্ঞতা গণনা বিষয়ক শর্তাবলী (Terms For Experience Count)

৪। বিইউপি এর নিয়োগবিধিতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে অভিজ্ঞতা গণনা বিষয়ক শর্তাবলী সংশোধন/সংযোজন সংক্রান্ত নিম্নোক্ত বিষয়ের উপর একমত পোষণ করে পর্ষদ সুপারিশ প্রদান করে:

(১) বিইউপিতে স্থায়ীপদে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর চাকুরির অভিজ্ঞতার সময়কাল পূর্ণ (১০০%) অভিজ্ঞতা হিসেবে গণনাযোগ্য।

(২) বাংলাদেশের অন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্থায়ীপদে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের চাকুরির অভিজ্ঞতার সময়কাল সম্পূর্ণ অর্থাৎ ১০০% গণনাযোগ্য। তবে শর্ত থাকে যে, উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ১২ (বার) বছরের বেশি গণনাযোগ্য হবে না। বিইউপিতে নিয়োগলাভের পর পরবর্তীতে উচ্চতর পদে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে উপরোল্লিখিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা সর্বমোট অভিজ্ঞতা গণনার ক্ষেত্রে গণনাযোগ্য কিন্তু উল্লেখিত চাকুরির অভিজ্ঞতা বিইউপি নিয়োগবিধি অনুযায়ী নির্ধারিত ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে গণনা করা যাবে না। সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্থায়ীপদে চাকুরির অভিজ্ঞতা সর্বোচ্চ ১৫ বছর পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনাযোগ্য হবে। উল্লেখ্য, বাংলাদেশের অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্থায়ীপদ হতে চাকুরি ছেড়ে আসার সময় গ্রহনকৃত সকল সুবিধাদির (সর্বমোট বেতন, আনুতোষিক, ছুটি নগদায়ন, জিপিএফ, কল্যাণ তহবিল, পেনশন, গ্রাচুইটিসহ অন্যান্য) বিস্তারিত বিবরণীর মূলপত্র অত্র প্রতিষ্ঠানে যোগদানের সময় জমা দিতে হবে।

(৩) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ে ডিগ্রী প্রদানকারী বাংলাদেশের সরকারী ও স্বনামধন্য বেসরকারী কলেজ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা অভিজ্ঞতার (Experience) সময় ৫০% গণনাযোগ্য। তবে শর্ত থাকে যে, উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ৭ (সাত) বছরের বেশি গণনা করা হবে না। বিইউপিতে নিয়োগলাভের পর পরবর্তীতে উচ্চতর পদে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে উপরোল্লিখিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা সর্বমোট অভিজ্ঞতা গণনার ক্ষেত্রে গণনাযোগ্য কিন্তু উল্লেখিত চাকুরির অভিজ্ঞতা বিইউপি নিয়োগবিধি অনুযায়ী নির্ধারিত ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে গণনা করা যাবে না। সরকারী কলেজের শিক্ষক হিসেবে স্থায়ীপদে চাকুরির অভিজ্ঞতা সর্বোচ্চ ১৫ বছর পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে কিন্তু বেসরকারী কলেজ ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের চাকুরির অভিজ্ঞতা পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে না। উল্লেখ্য, বাংলাদেশের সরকারী কলেজের শিক্ষক হিসেবে স্থায়ীপদ হতে চাকুরি ছেড়ে আসার সময় গ্রহনকৃত সকল সুবিধাদির (সর্বমোট বেতন, আনুতোষিক, ছুটি নগদায়ন, জিপিএফ, কল্যাণ তহবিল, পেনশন, গ্রাচুইটিসহ অন্যান্য) বিস্তারিত বিবরণীর মূলপত্র অত্র প্রতিষ্ঠানে যোগদানের সময় জমা দিতে হবে।

(৪) শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষকতা ব্যতীত অন্যান্য সকল স্বীকৃত বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠানের গবেষক হিসেবে চাকুরির অভিজ্ঞতা (Experience) ৫০% গণনাযোগ্য হবে। তবে শর্ত থাকে যে, উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ৫ (পাঁচ) বছরের বেশি গণনা করা হবে না। উপরোল্লিখিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা শুধুমাত্র বিইউপির চাকুরিতে প্রথম নিয়োগের সময় প্রযোজ্য হবে কিন্তু পরবর্তীতে উচ্চতর পদে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা কোনভাবেই অভিজ্ঞতা (Experience) হিসেবে গননাযোগ্য হবে না। শিক্ষক নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বিইউপি নিয়োগবিধি অনুযায়ী উল্লেখিত ফিডার পদে নির্ধারিত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই শিথিলযোগ্য নয়। সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-সরকারী/আধা-স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠানের পেনশনযোগ্য চাকুরির অভিজ্ঞতা সর্বোচ্চ ১৫ বছর পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনাযোগ্য হবে। উল্লেখ্য, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষকতা ও গবেষণা ব্যতীত অন্যান্য সকল বেসরকারী প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতার সময়কে অভিজ্ঞতা (Experience) ও পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে না।

(৫) বিদেশে স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে (QS Rangking - এ প্রথম সারির ৫০০ বিশ্ববিদ্যালয়) স্থায়ীপদে কর্মরত শিক্ষকের বিইউপিতে নিয়োগের ক্ষেত্রে চাকুরির অভিজ্ঞতার (Experience) সময় ৫০% গণনা করা হবে। বিদেশে স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার অভিজ্ঞতা শুধুমাত্র বিইউপির চাকুরিতে প্রথম নিয়োগের সময় প্রযোজ্য হবে কিন্তু পরবর্তীতে উচ্চতর পদে নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা কোনভাবেই অভিজ্ঞতা (Experience) হিসেবে গননাযোগ্য হবে না। শিক্ষক নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বিইউপি নিয়োগবিধি অনুযায়ী উল্লেখিত ফিডার পদে নির্ধারিত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই শিথিলযোগ্য নয়। উল্লেখ্য, উক্ত নিয়োগের ক্ষেত্রে পূর্বতন বিদেশি প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল সনদ ও প্রমাণক এই বিশ্ববিদ্যালয়ে চাকুরির জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করত অবশ্যই সংযুক্ত থাকতে হবে। বিদেশে স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ে স্থায়ীপদে কর্মরত শিক্ষকের চাকুরির অভিজ্ঞতার সময়কে পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে না।

(৬) কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে অন্যান্য সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-সরকারী/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সময় ১০০% গণনাযোগ্য হবে। তবে শর্ত থাকে যে, উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ১০ (দশ) বছরের বেশি গণনা করা হবে না। বিইউপিতে

উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ১০ (দশ) বছরের বেশি গণনা করা হবে না। বিইউপিতে
নিয়োগলাভের পর পরবর্তীতে উচ্চতর পদে পদোন্নতির ক্ষেত্রে উপরোল্লিখিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা সর্বমোট অভিজ্ঞতা গণনার ক্ষেত্রে গণনাযোগ্য কিন্তু উল্লেখিত চাকুরির অভিজ্ঞতা বিইউপি নিয়োগবিধি অনুযায়ী ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে গণনা করা যাবে না। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বিইউপি নিয়োগবিধি অনুযায়ী উল্লেখিত ফিডার পদে নির্ধারিত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই শিথিলযোগ্য নয়। সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-সরকারী/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে পেনশনযোগ্য স্থায়ী পদের অভিজ্ঞতার সময়কে সর্বোচ্চ ১৫ বছর পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনাযোগ্য হবে।

(৭) কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে সরকার স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয়/বেসরকারী সংস্থায় কর্মকর্তা/কর্মচারী পদে চাকুরির ৫০% চাকুরি শুধুমাত্র চাকুরির অভিজ্ঞতা (Experience) হিসেবে গণনাযোগ্য হবে। তবে শর্ত থাকে যে, উক্ত অভিজ্ঞতা (Experience) কোনভাবেই ০৫ বছরের বেশি গণনা করা হবে না। উপরোল্লিখিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা শুধুমাত্র বিইউপির চাকুরিতে প্রথম নিয়োগের সময় প্রযোজ্য হবে কিন্তু পরবর্তীতে উচ্চতর পদে পদোন্নতির ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা কোনভাবেই অভিজ্ঞতা (Experience) হিসেবে গণনা করা হবে না। উল্লেখ্য, বিইউপি নিয়োগবিধি অনুযায়ী উল্লিখিত ফিডার পদের অভিজ্ঞতা (Experience) কোনভাবেই শিথিলযোগ্য নয়। কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে সকল বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতার সময়কে পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে না।

(৮) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-সরকারী/আধা-স্বায়ত্বশাসিত/বেসরকারী যে কোন ধরনের প্রতিষ্ঠানের চুক্তিভিত্তিক, খন্ডকালীন, অস্থায়ী (প্রকল্পে অস্থায়ী নিয়োগ) পদে চাকুরির অভিজ্ঞতার সময়কে অভিজ্ঞতা (Experience) ও পেনশনকালীন চাকুরিকাল (Service Period) হিসেবে গণনা করা হবে না।

(৯) বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষক ও কর্মকর্তা ছুটি নিয়ে লিয়েন-এ বা প্রেষণে কোনো শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানে চাকুরি করে থাকলে, যদি তিনি উক্ত চাকুরির সম্পূর্ণ সময় বা অংশবিশেষ চাকুরি অভিজ্ঞতায় অন্তর্ভুক্ত করতে চান তবে তা গণনাযোগ্য চাকুরি হিসেবে অন্তর্ভূক্ত করা যাবে। সেক্ষেত্রে শর্ত থাকে যে, উক্ত সময়ে তিনি বিশ্ববিদ্যালয়ে চাকুরিরত থাকলে সর্বমোট যে মূল বেতন পেতেন, তার ১০% এর সমপরিমাণ অর্থ বিশ্ববিদ্যালয়ের বরাবরে সিন্ডিকেট কর্তৃক নির্ধারিত নিয়মানুযায়ী মাসিক কিস্তিতে বা এককালীন জমা প্রদান করেন।

(১০) এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে যোগদান পরবর্তী সময়ে অর্থাৎ অবেক্ষাধীন সময়কালের (probation period) মধ্যে অতীত পেনশনযোগ্য চাকুরিকাল (Service Period) ও অভিজ্ঞতা (Experience) গণনার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করতে হবে। পূর্বতন পেনশনযোগ্য চাকুরিকাল (Service Period) ও অভিজ্ঞতা (Experience), সক্রিয় পেনশনযোগ্য চাকুরিকাল (Service Period) ও অভিজ্ঞতা (Experience) হিসাবে গণনা করার ক্ষেত্রে অতীত চাকুরি সম্পর্কিত সংশ্লিষ্ট সকল তথ্যাদি ও অভিজ্ঞতার প্রমাণকসমূহ এই বিশ্ববিদ্যালয়ে চাকুরির জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করত অবশ্যই সংযুক্ত থাকতে হবে । অতীত পেনশনকালীন চাকুরিকাল (Service Period) ও অভিজ্ঞতা (Experience) গণনা করার জন্য রেজিস্ট্রার বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে যা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে কাগজপত্র যাচাইপূর্বক সুপারিশকৃত এবং বিইউপির অর্থ কমিটি ও সিন্ডিকেট কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হবে ।

উল্লেখ্য, পেনশনকালীন চাকুরিকাল (Service Period) গণনা করার ক্ষেত্রে বিইউপির পেনশন ও চাকুরি সংবিধির অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে ।

৫। এই কার্যবিবরণীটি সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত হওয়ার সঙ্গে সঙ্গে কার্যকর হবে ও কার্যবিবরণীর সুপারিশসমূহ বিইউপি নিয়োগবিধিতে অন্তর্ভূক্ত হবে এবং ৬৫ তম সিন্ডিকেট সভায় অনুমোদিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে অভিজ্ঞতা গণনা বিষয়ক শর্তাবলী সংক্রান্ত কার্যবিবরণীটি রহিত হবে।